দৈনিক বাংলা

তারিখ 09 JAN 1994
পৃষ্ঠা ৮ কলাম ৮

170

# বিসিএস শিক্ষা সমিতির সভা ঃ ১৬ দফা দাবি নিয়ে আলোচনা

স্টাফ রিপোর্টার ঃ বিসিএস সাধারণ শিক্ষা সমিতি শুক্রবার এক সভায় সমিতির ১৬ দফা দাবি আদায়ের জন্য সর্বাত্মক আন্দোলনের কর্মসূচী গ্রহণ করার বিষয়ে আলোচনা করেছে। এটি ছিল নব নির্ধারিত কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির প্রথম সভা। সভায় সভাপতিত্ব করেন সমিতির সভাপতি অধ্যক্ষ ডঃ কিউ এ টি এম হাবিবুর রহমান।

সভায় গৃহীত সিদ্ধান্তে বলা হয়, ১৩ জানুয়ারীর মধ্যে পদ সৃষ্টি, বৈষম্য দূরীকরণ ও পদোন্নতির তারিখ ধার্য করা না হলে জরুরী সভা ডেকে ২ এপ্রিল ঘোষিত কর্মসূচীকে এগিয়ে এনে চলতি ডিগ্রী পরীক্ষা বর্জন ও আসন্ন এইচএসসি পরীক্ষার ফরম পূরণসহ সকল কার্যক্রমে বিরত থাকার কর্মসূচী গ্রহণ করা হবে।

সভায় ২৬ ক্যাডার সমন্বয় কমিটির ও কেন্দ্রীয় সংগ্রাম পরিষদের নেতা আবু হেনার বাধ্যতামূলক অবসর দানের আদেশ প্রত্যাহার করার আহবান জানানো হয়।